



বর্তমান ও ভবিষ্যৎ পেনশনারদের জন্য

■ পেনশন নির্ধারণের পদ্ধতি :

মূলবেতন X সর্বমোট চাকুরীর জন্য নির্ধারিত হার (%) ÷ ২ = মোট টাকা। আনুতোষিক নির্ধারণের পদ্ধতিঃ- মূলবেতন X সর্বমোট চাকুরীর জন্য নির্ধারিত হার (%) ÷ ২ X আনুতোষিক হার= মোট টাকা।

একজন সরকারী কর্মচারীর জন্ম তারিখ -০১/০৬/১৯৫৭খ্রি: তিনি ১৪/১২/৮৯ খ্রি: তারিখে চাকুরীতে যোগদান করিয়াছেন। তিনি ০১/০৬/২০১৭ তারিখে পেনশনে গমন করিবেন। তাহার মূল বেতন-৩৪০১০/- তিনি মোট চাকুরী করিয়াছেন ২৭ বছর ৫ মাস ১৭ দিন। তিনি কোন বিনাবেতনে ছুটি ভোগ করেন নাই। যে হারে মাসিক পেনশন ও আনুতোষিক প্রাপ্য হবেন তাহা উদাহরণ হিসাবে দেখানো হইলে।

মাসিক পেনশন ৩৪,০১০/- X ৯০% ÷ ২ = ১৫,৩০৪/৫০ টাকা + চিকিৎসা ভাতা ১৫০০/- সর্বমোট= ১৬,৮০৪/৫০ প্রতি মাস।

আনুতোষিক = ৩৪,০১০ X ৯০% ÷ ২ = ১৫,৩০৪/৫০ X ২৩০=৩৫,২০,০৩৫/- টাকা (পয়ত্রিশ লক্ষ বিশ হাজার পয়ত্রিশ) টাকা। ৬৫ বৎসর এবং তদুর্ধ্ব বয়সী পেনশনারগণ ০১/৭/২০০৯ হইতে ৫০% হারে মাসিক পেনশন ০১/৭/২০১০ হইতে চিকিৎসা ভাতা ১০০০/- টাকা হারে এবং জাতীয় বেতনস্কেল/২০১৫ অনুযায়ী ০১/৭/২০১৬ তারিখ হইতে ২৫০০/- টাকা হারে চিকিৎসা ভাতা প্রাপ্য হবেন।

পেনশনযোগ্য চাকুরীকাল	পূর্ববর্তী পেনশনের হার	বর্তমানে নির্ধারিত পেনশনের হার	পেনশনযোগ্য চাকুরীকাল	পূর্ববর্তী পেনশনের হার	বর্তমানে নির্ধারিত পেনশনের হার
৫ বছর	-	২১%	১৬ বছর	৫১%	৫৭%
৬ বছর	-	২৪%	১৭ বছর	৫৪%	৬৩%
৭ বছর	-	২৭%	১৮ বছর	৫৮%	৬৫%
৮ বছর	-	৩০%	১৯ বছর	৬১%	৬৯%
৯ বছর	-	৩৩%	২০ বছর	৬৪%	৭২%
১০ বছর	৩২%	৩৬%	২১ বছর	৬৭%	৭৫%
১১ বছর	৩৫%	৩৯%	২২ বছর	৭০%	৭৯%
১২ বছর	৩৮%	৪৩%	২৩ বছর	৭৪%	৮৩%
১৩ বছর	৪২%	৪৭%	২৪ বছর	৭৭%	৮৭%
১৪ বছর	৪৫%	৫১%	২৫ বছর এবং তদুর্ধ্ব	৮০%	৯০%
১৫ বছর	৫৮%	৫৪%			

ব্যাখ্যা : ৫-২৪ বছরের পেনশনযোগ্য চাকুরীকালের পেনশন কেবল নিম্নোক্ত ক্ষেত্রে প্রাপ্য হবেন :

১।	একজন সরকারি কর্মচারী মৃত্যুবরণ করলে কিংবা সরকার কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড দ্বারা (শারীরিক ও মানসিক বৈকল্যের কারণে) স্থায়ীভাবে অক্ষম (Invalid) ঘোষিত হলে, এবং
২।	স্থায়ী পদ বিলুপ্তির কারণে চাকুরি থেকে ছাঁটাইয়ের ক্ষেত্রে।

■ অবসরভোগীদের পেনশন বৃদ্ধি ও সর্বনিম্ন পেনশন নির্ধারণ।

২০১৫-১৬ অর্থ বছর হতে অবসর ভোগীদের পেনশন নিম্নোক্ত হারে বৃদ্ধি করা হয়েছে।

অবসরভোগীর বয়স	পেনশন বৃদ্ধির হার	মন্তব্য/ব্যাখ্যা
(ক) ৬৫ বছরের কম	৪০%	একজন পেনশনারের মাসিক পেনশনের পরিমাণ যাই হোক না কেন ৩১-০৭-২০১৫
(খ) ৬৫ বছর ও তদুর্ধ্ব	৫০%	তারিখ হইতে তিনি সর্বনিম্ন ৩,০০০/- (তিন হাজার) টাকা পেনশন প্রাপ্য হবেন।

বিঃ দ্রঃ- জন্ম তারিখ হইতে ৫৯ বছর পূর্তির পরের দিন অর্থাৎ পরবর্তী জন্ম তারিখে পি আর এল শুরু এবং পরবর্তী জন্ম তারিখে পেনশন শুরু।

উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়
ভাণ্ডারিয়া, পিরোজপুর।